

জাবিতে ভিসিপন্থীদের মৌন মিছিল

জাবি সংবাদদাতা ॥ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে চলমান উপাচার্য বিরোধী আন্দোলন বিশ্ববিদ্যালয়কে অস্থিতিশীল করার ষড়যন্ত্র দাবি করে ‘অন্যায়ের বিরুদ্ধে এবং উন্নয়নের পক্ষে জাহাঙ্গীরনগর’ ব্যানারে মৌন মিছিল ও সংহতি সমাবেশ কর্মসূচী পালন করেছে উপাচার্যপন্থী শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীরা। অন্যদিকে উপাচার্যের অপসারণ দাবিতে বিক্ষোভ মিছিল করেছে ‘দুর্নীতির বিরুদ্ধে জাহাঙ্গীরনগর’ ব্যানারে আন্দোলনরত শিক্ষক-শিক্ষার্থীরা।

বুধবার বেলা ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার সংলগ্ন সড়ক থেকে চার শতাধিক শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারির অংশগ্রহণে উপাচার্যপন্থীদের মৌন মিছিল শুরু হয়। মিছিলটি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে পুরাতন প্রশাসনিক ভবনের সামনে গিয়ে সংহতি সমাবেশের মধ্যদিয়ে শেষ হয়। সমাবেশে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা বলেন, উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলামের বিরুদ্ধে দুর্নীতির কল্পিত অভিযোগ এনে বিশ্ববিদ্যালয়কে অস্থিতিশীল করার ষড়যন্ত্র চলছে। উন্নয়ন যাতে ব্যাহত না হয়, এজন্যই তারা এই প্ল্যাটফর্মের পেছনে দাঁড়িয়েছেন। এ সময় বঙ্গবন্ধু শিক্ষক পরিষদের সভাপতি অধ্যাপক আব্দুল মান্নান চৌধুরী বলেন, ‘সরকার বর্তমান উপাচার্যকে প্রায় ১,৪৪৫ কোটি টাকা দিয়েছেন বিশ্ববিদ্যালয়ের উন্নয়নের জন্য। আমরা অন্যায়ের বিরোধিতা করব এবং উন্নয়নের পক্ষে কাজ করব। কোন ষড়যন্ত্রকারীর মাধ্যমে যদি বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন প্রকল্প বাধাগ্রস্ত হয়, তাহলে বিশ্ববিদ্যালয় পরিবার তা মেনে নেবে না।’ সমাবেশে ‘অন্যায়ের বিরুদ্ধে এবং উন্নয়নের পক্ষে জাহাঙ্গীরনগর’ এর মুখপাত্র অধ্যাপক ড. মোহাম্মদ আলমগীর কবিরের সঞ্চালনায় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক অজিত কুমার মজুমদার, অধ্যাপক হানিফ আলী, অধ্যাপক সুফি মোস্তাফিজুর রহমান, সহযোগী অধ্যাপক বারতা চক্রবর্তী, সহকারী অধ্যাপক শারমিন জামান, অফিসার সমিতির সভাপতি মোঃ আবু হাসান প্রমুখ বক্তব্য দেন।

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

কার্যালয়: জনকণ্ঠ ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন),
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫
ই-মেইল: janakanthanews@gmail.com
ই-জনকণ্ঠ: www.edailyjanakantha.com

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মান্নান ভবন (দোতলা),
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright © All rights reserved by dailyjanakantha.com